

স্মারক নং- আইসিটি/৪৪.০১.০০০০.৪৩৭.০৭.০০১.২৬/০১

তারিখ : ০১-০৭-২০২৬খ্রিঃ।

**সরবরাহকারী/ঠিকাদার/প্রস্তুতকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ (Enlistment) ও নবায়ন বিজ্ঞপ্তি।**

পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি-৬৮ মোতাবেক পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার আইসিটি শাখা কর্তৃক সীমিত দরপত্রের মাধ্যমে ২০২৬-২০২৭ অর্থ বছরে বিভিন্ন ধরনের ইন্টারনেট, সফটওয়্যার ও ডাটাবেজ ক্রয়, সফটওয়্যার ও ডাটাবেজ রক্ষণাবেক্ষণ, কম্পিউটার সামগ্রী, তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি, ডাটা সেন্টারের বিভিন্ন মালামাল/লাইসেন্স নবায়ন এবং নেটওয়ার্ক সামগ্রী ক্রয়/মেরামতের জন্য ক্রয়কার্য সম্পাদনের নিমিত্ত সরবরাহকারী/ঠিকাদারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি (Enlistment) ও নবায়ন এর জন্য আহ্বান বাংলাদেশী সরবরাহকারী/ঠিকাদারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্মে আবেদন আহবান করা যাচ্ছে।

১.	মন্ত্রণালয়/বিভাগ	ঃ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ।
২.	সংস্থা	ঃ	বাংলাদেশ পুলিশ।
৩.	প্রকিউরিং ইনটিটির নাম	ঃ	ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ
৪.	প্রকিউরিং ইনটিটির ইউনিট	ঃ	পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৫.	আহবানের উদ্দেশ্য	ঃ	ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ (Enlistment) ও নবায়ন।
৬.	বিজ্ঞপ্তি নং	ঃ	আইসিটি/৪৪.০১.০০০০.৪৩৭.০৭.০০১.২৬/০১
৭.	তারিখ	ঃ	০১/০৭/২০২৬.
৮.	ক্রয় পদ্ধতি	ঃ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)।
৯.	বাজেট এবং অর্ধের উৎস	ঃ	রাজস্ব।
১০.	আবেদন পত্র ক্রয়ের তারিখ, সময় ও স্থান	ঃ	০২/০৭/২০২৬ তারিখ হতে ১৯/০৭/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়। আইসিটি শাখা, এনসিকম (NCCOM) ভবন (২য় তলা), পুলিশ হেডকোয়ার্টার্স, ৬ ফিনিক্স রোড, ফুলবাড়ীয়া, ঢাকা।
১১.	আবেদনপত্র জমা প্রদানের তারিখ	ঃ	২০/০৭/২০২৬ তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে এনসিকম ভবনের ২য় তলা আইসিটি শাখায় রক্ষিত বক্সে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১২.	অফিসের নাম ও ঠিকানা	ঃ	এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
১৩.	আবেদনপত্র খোলার তারিখ ও সময়	ঃ	২০/০৭/২০২৬ তারিখ ১২.৩০ ঘটিকায় এনসিকম (NCCOM) ভবনের (৩য় তলা) সম্মেলন কক্ষ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। (আবেদনকারীদের সম্মুখে)।
১৪.	আবেদনকারীর যোগ্যতা (সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে)	ঃ	(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স (খ) হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট (গ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ঘ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ঙ) ন্যূনতম ৪০,০০,০০০/- টাকা সমপরিমাণ Liquid asset or working capital or credit line(s) সার্টিফিকেট। (চ) কাজের অভিজ্ঞতা সনদ (বিগত ০৩ বছরের মধ্য একটি চুক্তিতে ন্যূনতম ৩০,০০,০০০/- টাকা সমপরিমাণ) (ছ) জাতীয় পরিচয়পত্র ও TIN সনদ, (জ) ৩ কপি ছবি ও আবেদন ফরমের সকল শর্তাদি প্রযোজ্য হবে।
১৫.	কাজের সংক্ষিপ্ত বিবরণ	ঃ	অর্থনৈতিক কোড-৩২১১১১৭-ইন্টারনেট/ফ্যাক্স/ টেলেক্স, ৩২৫৭৩০৬-ডাটা সংরক্ষণ ব্যয়, ৩২৫৮১০৩-কম্পিউটার, ৩২৫৮১৪৩-সফটওয়্যার ও ডাটাবেজ রক্ষণাবেক্ষণ, ৪১১২২০১-তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি, ৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক, ৪১১৩৩০১-কম্পিউটার সফটওয়্যার ও ৪১১৩৩০২-ডাটাবেজ খাতে মালামাল ক্রয়, মেরামত, লাইসেন্স নবায়ন ইত্যাদি।
১৬.	আবেদন ফরমের ক্রয় মূল্য	ঃ	১,০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরত যোগ্য)।
১৭.	নতুন তালিকাভুক্তির ফি	ঃ	৫,০০০/- ও ১৫% ভ্যাটসহ মোট ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা (অফেরত যোগ্য)। একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে তালিকাভুক্ত ফি ৩,০০০/- ও ১৫% ভ্যাটসহ মোট ৩,৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) টাকা মাত্র (অফেরত যোগ্য)।
	নবায়ন ফি	ঃ	২,০০০/- ও ১৫% ভ্যাটসহ মোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা (অফেরত যোগ্য)। একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নবায়ন ফি ১,৫০০/- ও ১৫% ভ্যাটসহ মোট ১,৭২৫/- (এক হাজার সাতশত পঁচিশ) টাকা মাত্র (অফেরত যোগ্য)।
	<b>বিশেষ জ্ঞাতব্য :</b> (ক) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। (খ) আবেদনপত্র গ্রহণ ও খোলার দিন কোন কারণে বন্ধ থাকলে পরবর্তী কার্য দিবসে একই সময় আবেদনপত্র গ্রহণ ও খোলা হবে। (গ) প্রাথমিকভাবে কৃতকার্য প্রতিষ্ঠানের জনবল, অফিস এবং প্রতিষ্ঠান পরিচালনার মত যোগ্যতা সম্পন্ন কিনা তা সরেজমিনে তদন্ত সাপেক্ষে তালিকাভুক্তি করা হবে।		

০২/০৭/২৬  
(মুঃ জালাল উদ্দিন ফাহিম, পিপিএম-সেবা)  
বিপি-৮৩১০১২৬৭৯৪  
এআইজি (আইসিটি)  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।  
টেলিফোন নং : ০২-২২৩৩৫৫৩১২  
ই-মেইল- aigict@police.gov.bd